

বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ
১৪১-১৪৩, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

বিজ্ঞপ্তি

বানৌপ-কর্তৃপক্ষে কর্মরত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিআইডব্লিউটিএ'র প্রধান কার্যালয়, বিভিন্ন নৌ-বন্দর, নৌ-টার্মিনাল ও ঘাট সমূহে দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীগণকে কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত পোষাক পরিধান করে কর্মস্থলে উপস্থিত হওয়ার বিষয়ে নৌপরিবহন মন্ত্রণালয় কর্তৃক নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, বিআইডব্লিউটিএ'র প্রধান কার্যালয়ে কর্মরত গাড়ী চালক, নিরাপত্তা গ্রহরী, লিফট ম্যান, অফিস সহায়ক, পরিচ্ছন্ন কর্মী এবং বিভিন্ন নৌ-বন্দর, নৌ-টার্মিনাল ও ঘাট সমূহে দায়িত্ব পালনকারী কর্মকর্তা/কর্মচারীগণকে আগামী ০১/০৮/২০১৯ তারিখ হতে কর্তৃপক্ষ কর্তৃক সরবরাহকৃত নির্ধারিত পোষাক পরিধান করে কর্মস্থলে উপস্থিত হওয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা যাচ্ছে। নির্দেশনার ব্যত্যয় ঘটলে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে সরকারি চাকুরী বিধিমালা অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অত্র বিজ্ঞপ্তি জারী করা হলো।



(মোঃ সিরাজুল ইসলাম ভূঞা)

উপ-পরিচালক (প্রশাসন)

বিআইডব্লিউটিএ

তারিখঃ-০২/০৭/২০১৯

নথি নং-১৮.১১.০০০০.০৩৩.৩৪.০০৪.১৮/ ৬৬০

বিতরণঃ

সকল বিভাগীয় প্রধান, বানৌপক, ঢাকা/নারায়ণগঞ্জ/মাদারীপুর/বরিশাল। [অধীনস্থ কর্মকর্তা/কর্মচারীগণকে নির্ধারিত পোষাক পরিধান নিশ্চিত করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

উপ-পরিচালক (প্রশাসন)

অনুলিপিঃ

- ০১। সমন্বয় কর্মকর্তা, চেয়ারম্যান মহোদয়ের দপ্তর, বানৌপক, ঢাকা।
- ০২। সদস্য (প্রকৌশল) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বানৌপক, ঢাকা।
- ০৩। সদস্য (অর্থ) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বানৌপক, ঢাকা।
- ০৪। সদস্য (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, বানৌপক, ঢাকা।
- ০৫। দপ্তর কপি।